চুয়াডাঙ্গায় বৃষ্টির মতো ঝরছে ঘনকুয়াশা

একদিনের ব্যবধানে চুয়াডাঙ্গায় তাপমাত্রা কমেছে প্রায় তিন ডিগ্রি সেলসিয়াস। একই সাথে তাপমাত্রার পারদ নেমে এসেছে মৃদু শৈতপ্রবাহের কোটায়। আজ বুধবার সকাল ৯টায় জেলার তাপমাত্রা রেকর্ড করা হয় ৯ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস। যা আগের দিন ছিলো ১২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

সারাদিন সূর্যের দেখা মেলেনি। বৃষ্টির মতো ফোঁটা ফোঁটা পড়ছে ঘনকুয়াশা। সাথে যোগ হয়েছে উত্তরের হিমেল হাওয়া। এতে তীব্র শীতের অনুভূতি স্বাভাবিক জীবন বাধাগ্রস্ত করছে।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের জ্যেষ্ঠ পর্যবেক্ষক রকিবুল হাসান জানান, চুয়াডাঙ্গার ওপর দিয়ে বয়ে যাচ্ছে মৃদু শৈত্যপ্রবাহ। বুধবার সকাল ৯টায় জেলার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ৯ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস এবং বাতাসে আর্দ্রতা ছিল ৯৭ শতাংশ। তিনি বলেন, বৃহস্পতিবার জেলায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সেক্ষেত্রে তাপমাত্রা কিছুটা বাড়তে পারে।
জেলার ছিন্নমূল মানুষদের দাবি, তীব্র শীতে তাদের শীতবস্ত্রের প্রয়োজন। সরকারিভাবে যে কম্বল বিতরণ করা হচ্ছে তা চাহিদার তুলনায় কম। সরকারি বরাদ্দ বৃদ্ধি করা দরকার।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা জানান, ‘ইতিমধ্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের অনুক‚লে দুই ধাপে ২৪ হাজার ৩০০টি সরকারি কম্বলের বরাদ্দ পাওয়া গেছে। যেগুলো স্ব স্ব উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে বিতরণ অব্যাহত আছে।